



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
হটিকালচার সেন্টার, বনানী, বগুড়া
hcbnani.bogra.gov.bd



কৃষিই সমৃদ্ধি

স্মারক নং : ১২.০১.১০৮৫.০১২.১৪.০১৪.২৩.১৩৮৫

তারিখ: ১৪/০১/২০২৪ খ্রিঃ

বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১.১ অনুচ্ছেদ অনুযায়ী নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : মোহাঃ ছাহেরা বানু
উপপরিচালক, হটিকালচার সেন্টার, বনানী, বগুড়া।

সভার তারিখ ও সময় : ১৪ জানুয়ারি ২০২৪, বেলা- ১১.০০ ঘটিকা।

সভার স্থান : উপপরিচালকের কার্যালয়ের অফিস কক্ষ

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেখানো হয়েছে।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ২০২৩-২০২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ১.১ অনুচ্ছেদ বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির ৩য় সভায় অংশগ্রহণকৃত অত্র দপ্তরের কর্মকর্তাবৃন্দকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন।

২. সভাপতির অনুমতি সাপেক্ষে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার নৈতিকতা কমিটির সদস্য সচিব জনাব মোঃ মানিক আলম, উপসহকারী উদ্যান কর্মকর্তা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, হটিকালচার সেন্টার, বনানী, বগুড়া ট্রেমাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং তিনি জানান যে কর্মকর্তা-কর্মচারী অংশগ্রহণের সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন, শুদ্ধাচার সেবা হালনাগাদকরণ, প্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদকরণ, তথ্য অধিকার ও অভিযোগ প্রতিকার ব্যবস্থা হালনাগাদকরণ, সিটিজেন চার্টার বাস্তবায়ন অগ্রগতি, দুর্নীতি প্রতিরোধে কর্মকর্তাদের মধ্যে সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ কর্মশালা বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।

৩. সভার আলোচ্য বিষয় সমূহের ওপর বিস্তারিত আলোচনা করা হয় এবং নিম্ন বর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

ক্র	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	১। স্ব স্ব ওয়েবপোর্টালের সেবা বক্স হালনাগাদকরণ	১। ওয়েবসাইটে তথ্য অধিকার, অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং সেবা প্রদান প্রতিশ্রুতির সেবা বক্স নিয়মিত হালনাগাদ করতে হবে	উপপরিচালক, হটিকালচার সেন্টার, বনানী, বগুড়া ও সহযোগীতায় নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ
২	২। সুষ্ঠু ও সুন্দর কর্মপরিবেশ তৈরি করা।	২। কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে।	
৩	৩। আওতাধীন কার্যালয় পরিদর্শন ও সুপারিশ বাস্তবায়ন	৩। আওতাধীন কার্যালয় পরিদর্শন করতে হবে। ৪। আওতাধীন কার্যালয় পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন করতে হবে।	

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

পরিশিষ্ট 'ক'

ক্র	নাম	নৈতিকতা কমিটি	স্বাক্ষর
১	মোঃ আব্দুর রাজ্জাক	উপসহকারী উদ্যান কর্মকর্তা (সদস্য)	স্বাক্ষরিত
২	মোঃ আব্দুল্লাহ আল মুতি	উপসহকারী উদ্যান কর্মকর্তা (সদস্য)	স্বাক্ষরিত
৩	মোঃ আতাউর রহমান	স্টোরকিপার (সদস্য)	স্বাক্ষরিত
৪	মোঃ কফিল উদ্দীন	অফিস সহকারী (সদস্য)	স্বাক্ষরিত
৫	মোঃ মানিক আলম	উপসহকারী উদ্যান কর্মকর্তা (সদস্য সচিব)	স্বাক্ষরিত

১৪/০১/২০২৪

মোহাঃ ছাহেরা বানু

উপপরিচালক ও সভাপতি, নৈতিকতা কমিটি
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
হটিকালচার সেন্টার, বনানী, বগুড়া
যোগাযোগেঃ ০১৭৫৪-৭০৬৭১২

জ্ঞাতার্থে অনুলিপি:

১. অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বগুড়া অঞ্চল, বগুড়া
কার্যার্থে বিতরণঃ

১. উপসহকারী উদ্যান কর্মকর্তা ও সদস্য সচিব, নৈতিকতা কমিটি, হটিকালচার সেন্টার, বনানী, বগুড়া।

নৈতিকতা কমিটির সভার কার্যক্রম (প্রমাণক)

সভা নং-০৩

